



[রাষ্ট্রীয়ভাবে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান]

সাধারণ বীমা কর্পোরেশন SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

প্রধান কার্যালয়, ৩৩ দিলকুশা বা/এ, ঢাকা।

www.sbc.gov.bd

স্মারক নং- ৫৩.০৭.০০০০.২০১.১১.০০১.২৫. ৪ ৫৭

তারিখ: ০২ মার্চ, ২০২৫খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়ঃ সাধারণ বীমা কর্পোরেশনের 'কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬)' পদে সরাসরি নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীদের স্থায়ী ও বর্তমান ঠিকানায় নিয়োগ পত্র প্রেরণ।

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন-এর 'কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬)' পদে নিয়োগের লক্ষ্যে গত ০১-০১-২০২৪খ্রি. তারিখে ২টি জাতীয় দৈনিক পত্রিকায় (দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও The Financial Express) স্মারক নম্বর-৫৩.০৭.০০০০.২০১.১১.০০৫.২৪/০৬ এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনকারী প্রার্থীদের মধ্য থেকে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের স্থায়ী ও বর্তমান ঠিকানায় তাঁদের নিয়োগ পত্র প্রেরণ করা হয়েছে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর নিম্নে উল্লেখ করা হলোঃ

ক্রমিক	পদের নাম	নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর
১.	কন্ট্রোল অপারেটর (গ্রেড-১৬)	১৬০৩৮, ১৬১৫৩, ১৬১৫৯, ১৬১৭০ = ৪ জন

উল্লেখ্য, আগামী ১০-০৩-২০২৫খ্রি. তারিখের মধ্যে নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীদের কেউ নিয়োগ পত্র না পেয়ে থাকলে তাঁদেরকে আগামী ১১-০৩-২০২৫খ্রি. তারিখে সাধারণ বীমা কর্পোরেশনের মানব সম্পদ বিভাগ (৮ম তলা), প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০-এ যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

প্রসঙ্গক্রমে আরও উল্লেখ্য, নির্বাচিত সকল প্রার্থীকে যোগদানপত্রের সাথে **যৌতুক নিবেন না এবং দিবেন না** মর্মে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে। উক্ত অঙ্গীকারনামার নমুনা সংস্থার ওয়েবসাইট (www.sbc.gov.bd) থেকে ডাউনলোড করে নিতে হবে।

প্রার্থীদের নিয়োগ পত্রের নির্দেশনা অনুসারে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, নাগরিকত্বের সনদ এবং প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ আগামী ১৬ মার্চ, ২০২৫খ্রি. পূর্বাহ্নে **ডেপুটি জেনারেল ম্যানেজার, আইটি বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ৩৩ দিলকুশা বা/এ, ঢাকা** বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবেন এবং তাঁর নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য, প্রকাশিত বিজ্ঞপ্তির তথ্য-উপাত্তে পরবর্তীতে কোনরূপ ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের অধিকার সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(এ.এফ.এম. শাহজালাল)

ডেপুটি জেনারেল ম্যানেজার

ফোন: ০২-৪১০৫১৬১৮

ই-মেইল: afmshahjalal@sbc.gov.bd